গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, ঠাকুরগাঁও।
thakurgaon@cs.dghs.gov.bd

স্মারক নং- সিএস/ঠাক/২৩/...২২৪৫........ তারিখ-...২৭/৮/২০২৩.......

" সংশোধিত বিজ্ঞপ্তি "

সিভিল সার্জন, ঠাকুরগাঁও এর স্মারক নং- সিএস/ঠাক/২৩/২১১৯ তারিখ- ১৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলির ক্রমিক নং- ১৭ ও ১৮ নম্বরে প্রার্থীর বয়স আবেদনের তারিখ (১৭/০৮/২০২৩ খ্রিঃ) হইতে গণনা করিতে হইবে।

২৭/৮/২০২৩
(ডাঃ নুর নেওয়াজ আহমেদ)
সিভিল সার্জন, ঠাকুরগাঁও
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, ঠাকুরগাঁও।

স্মারক নং- সিএস/ঠাক/২৩/...২২৪৫/১(২৫০)........ তারিখ-...২৭/৮/২০২৩.......

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । দৃষ্টি আকর্ষণ- যুগ্ম সচিব (প্রশাসন)।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ- যুগ্ম সচিব (প্রশাসন)।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৫। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক (অর্থ),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৯। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
১০। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
১১। সিভিল সার্জন,....................................(সকল)।
১২। তত্ত্বাবধায়ক,.......................................(সকল)
১৩। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ...............
১৪। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৬। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঠাকুরগাঁও।
১৭। জেলা শিক্ষা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)................................, ঠাকুরগাঁও।
২০। জেলা তথ্য কর্মকর্তা, ঠাকুরগাঁও।
২১। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও।
২২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সকল).................................ঠাকুরগাঁও।
২৩। সম্পাদক/প্রতিনিধি.............................................................................আপনার পত্রিকায় আগামী ১৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ উক্ত সংশোধিত বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

২৭/৮/২০২৩
(ডাঃ নুর নেওয়াজ আহমেদ)
সিভিল সার্জন, ঠাকুরগাঁও
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, ঠাকুরগাঁও।

Gov.t Circular Notice-2023 (Correction)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
ঠাকুরগাঁও।
thakurgaon@cs.dghs.gov.bd

স্মারক নং- সিএস/ঠাক/২৩/........২২২৭ তারিখ-..২৪/৮/২০২৩

**" নিয়োগ বিজ্ঞপ্তি "**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- স্মারক নং- ৪৫.১৪০.০১১.০০.০০.০১০.২০১৩-১১৩০ তারিখ- ২৮/০৭/২০২২ খ্রিঃ, স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় ও ৪র্থ শ্রেণী নিয়োগ-০১/২০১৮(অংশ-১)/২০২২/৩৫৩৪/১(৫) তারিখ- ০৪/০৯/২০২২ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০১৩.২৩.১৮৪২ তারিখ- ৩০/০৭/২০২৩ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন, ঠাকুরগাঁও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের গ্রেড ভিত্তিক শুন্য পদসমূহ অস্থায়ীভাবে পুরণের জন্য বাংলাদেশের নাগরিক এবং ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/cstgn বা http://cstgn.teletalk.com.bd ওয়েবসাইটে)দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবঃ) | ০১(এক) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাবঃ) এ ডিপ্লোমা ডিগ্রি। |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১(এক) | গ্রেড ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) সাঁট লিপিতে প্রতিমিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৭০ শব্দ। কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ। |
| ৩ | পরিসংখ্যানবিদ | ০৩ (তিন) | গ্রেড ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪ | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০১(এক) | গ্রেড ১৫<br>স্কেল-৯৭০০-২৩৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | ষ্টোর কিপার | ০৪(চার) | গ্রেড ১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ৬ | স্বাস্থ্য সহকারী | ৪০ (চল্লিশ) | গ্রেড ১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | গাড়ি চালক | ০৪ (চার) | গ্রেড- ১৬<br>স্কেল-৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা ৮ম শ্রেণী পাশ।<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ যানবাহন চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ৮ | ল্যাব এটেনডেন্ট | ০১(এক) | গ্রেড- ১৯<br>স্কেল-৮৫০০-২০৫৭০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

শর্তাবলীঃ-

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঠাকুরগাঁও জেলার বাসিন্দা হতে হবে। শুধুমাত্র ১নং ক্রমিকে বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন,বিধি, নীতি ও কোটা অনুসরণ করা হবে।
৩. উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।
৪. যে কোন কারণে বিজ্ঞাপিত শুন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।
৫. স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-২/২০১৮/৩৫২৭ তারিখ- ০৬/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যাহারা কিটতত্ত্বীয় টেকনিশিয়ান ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
৬. প্রার্থী কর্তৃক প্রদত্ত যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিলে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষার অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
৭. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবরাহ করতে প্রতিজ্ঞাব্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

চলমান পাতা

৮. প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সে প্রার্থীর বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগীতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৯.বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরুপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা নাতি/নাতনি হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১০. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১১. আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১২. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১৩. প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূলকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণে সনদপত্র,অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১৪. নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা হতে হবে এবং নাগরিক সনদপত্রে তাহার নিজ গ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হবে।

১৭. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী (সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শুন্য পদ পূরণ করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শুন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

১৭. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।

১৮. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮-৩২ বছর।

১৯. প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মুল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

২০. প্রার্থীকে অবশ্যই বাংরদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

২১. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রের প্রার্থীকে পরিবর্তন স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র ((NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

২২. নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে- কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়া কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে-কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগ কমিটি/কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৩. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ (http://cstgn.teletalk.com.bd) -এ আবেদনপত্র পূরণ করবেন।

২৪. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে এবং আবেদনের শেষ তারিখ ০৬/০৯/২০২৩খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

২৫. উক্ত সময়সীমার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পযন্ত SMS এর মাধ্যমে নিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২৬ Online-এ আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB এর মধ্যে হতে হবে। Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ও প্রার্থী Online-এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২৭. SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪ (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪ (তিনশত চৌত্রিশ) টাকা, ২ নং হতে ৭ নং (২ হতে ৭) ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৮ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:: CSTGN <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSTGN ABCDEF & Send to 16222.
Reply: Applicant's Name, Tk. 223/112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CSTGN <space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS::CSTGN <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSTGN YES 12345678
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for CSTGN Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

২৮. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://cs.thakurgaon.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২৯. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

৩০. শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে:
CSTGN <space> Help <space> User <space> User ID & Send to 16222.
Example: CSTGN Help User ABCDEF
ii) PIN Number জানা থাকলে:
CSTGN <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222.

Example: CSTGN Help PIN 12345678.

৩১. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েবসাইট (https://cs.thakurgaon.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/cstgn ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (https://cs.thakurgaon.gov.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

৩২. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা https://cs.thakurgaon.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSTGN, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৩৩. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩৪. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৪/০৮/২০২৩

(ডাঃ নুর নেওয়াজ আহমেদ)
সিভিল সার্জন, ঠাকুরগাঁও
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, ঠাকুরগাঁও।

২৪/০৮/২০২৩

স্মারক নং- সিএস/ঠাক/২৩/........২২২৯/১(২৫০) তারিখ-.......২৪/৮/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ- (জ্যেষ্টতার ভিত্তিতে নহে)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । দৃষ্টি আকর্ষণ- যুগ্ম সচিব (প্রশাসন)।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ- যুগ্ম সচিব (প্রশাসন)।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৫। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক (অর্থ),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৯। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
১০। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
১১। সিভিল সার্জন,.......................................(সকল)।
১২। তত্ত্বাবধায়ক,.......................................(সকল)
১৩। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ...............
১৪। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৬। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঠাকুরগাঁও।
১৭। জেলা শিক্ষা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ঠাকুরগাঁও।
১৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)................................., ঠাকুরগাঁও।
২০। জেলা তথ্য কর্মকর্তা, ঠাকুরগাঁও।
২১। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও।
২২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সকল)...................................ঠাকুরগাঁও।
২৩। সম্পাদক/প্রতিনিধি........................................................................................আপনার পত্রিকায় আগামী ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

২৪/০৮/২৩

(ডাঃ নুর নেওয়াজ আহমেদ)
সিভিল সার্জন, ঠাকুরগাঁও
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, ঠাকুরগাঁও।

Gov.t Circular Notice-2023

২৪/০৮/২৩